



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং-বশিবো/প্রশা:/২০২৩/১৯৪


তারিখ: ১৪.১১.২০২৩খ্রি.

বিষয় : ছাড়পত্রের মাধ্যমে বদলির সময়সীমা প্রতি বছরের ৩০ সেপ্টেম্বর এর পর সুপারিশ না করা প্রসঙ্গে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, ছাড়পত্রের মাধ্যমে বদলির সময়সীমা প্রতি বছরের ৩০ সেপ্টেম্বর এর মধ্যে ধার্য থাকলেও কিছু কিছু প্রতিষ্ঠান প্রধান উক্ত সময়ের পরেও ছাড়পত্রের আবেদন ফরমে স্বাক্ষর করে যাচ্ছেন। যা অনভিপ্রেত ও বিধিবহির্ভূত।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে সতর্ক করা হলো। একই সাথে এরূপ কর্মকাণ্ড হতে বিরত থাকার জন্য নির্দেশক্রমে বলা হলো। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


14. 11. 2023

(মো: রফিকুল ইসলাম খান-১০৬০৪)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল